

স্মারক নং ৩৮.০১.০০০০.৪০০.১২.০৩৬.২০১৮- ১৬২

বিষয় : ৬৫% কোটায় প্রধান শিক্ষক পদে পদোন্নতির জন্য জ্যেষ্ঠতা তালিকা চূড়ান্তকরণ ও পদোন্নতিযোগ্য শিক্ষকদের প্রয়োজনীয় কাগজপত্র ও তথ্যাদি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদে ৬৫% কোটায় প্রধান শিক্ষক পদে পদোন্নতিযোগ্য শূন্যপদ পূরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। দ্রুত পদোন্নতি প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

১। যে সমস্ত উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের জ্যেষ্ঠতা তালিকা প্রস্তুতের নিমিত্তে “সমন্বিত গ্রেডেশন ব্যবস্থাপনা” ইউজার ইন্টারফেইজে শতভাগ (১০০%) বিদ্যালয় ও শিক্ষকদের তথ্য এন্ট্রি ও অনুমোদন হয় নাই, সে সকল উপজেলার তথ্য বিনা ব্যর্থতায় আগামী ২৭/১০/২০২২ তারিখের মধ্যে এন্ট্রি ও অনুমোদন সম্পন্ন করতে হবে।

২। যে সমস্ত উপজেলা/থানায় শতভাগ (১০০%) এন্ট্রি ও অনুমোদন সম্পন্ন হয়েছে সে সকল উপজেলার উপজেলা শিক্ষা অফিসারগণ খসড়া জ্যেষ্ঠতা তালিকা প্রিন্ট করে আপত্তি-নিষ্পত্তির জন্য বিজ্ঞপ্তি আকারে উপজেলা শিক্ষা অফিসের দর্শনীয় স্থানে অথবা নোটিশ বোর্ড এবং সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসের ওয়েবসাইটে আপলোড করতে হবে।


৩। জ্যেষ্ঠতা তালিকা এর কোন আপত্তি থাকলে তা উপজেলা শিক্ষা অফিসার তিন দিনের মধ্যে আপত্তি গ্রহণ ও নিষ্পত্তি সম্পন্ন করবেন যদি কোন আপত্তি না থাকে তাহলে তিন কার্যদিবস পরে চূড়ান্ত খসড়া জ্যেষ্ঠতা তালিকা প্রিন্ট করে উপজেলা শিক্ষা অফিসার স্বাক্ষর করবেন।

৪। স্বাক্ষরিত জ্যেষ্ঠতা তালিকা পদোন্নতি যোগ্য (৬৫% কোটায়) শূন্য পদের দেড়গুন (জ্যেষ্ঠতা তালিকা ক্রমানুসারে), বিগত ৫(পাঁচ) বছরের (২০১৭-২০২১ সাল পর্যন্ত) বার্ষিক গোপনীয় অনুবেদন, শিক্ষাগত যোগ্যতার সনদ (শুধুমাত্র এসএসসি) এবং প্রশিক্ষণ সনদ (সি-ইন-এড/ডিপ-ইন এড/বি-এড/এম-এড) চেকলিষ্ট অনুযায়ী সংশ্লিষ্ট অন্যান্য তথ্যাদি ও প্রত্যয়নসমূহ সংযোজন করে ০৩/১১/২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করবেন।

৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আগামী ১০/১১/২০২২ তারিখের মধ্যে সকল তথ্য যাচাই পূর্বক খসড়া জ্যেষ্ঠতা তালিকা স্বাক্ষর করে তিন প্রস্ত (সকল কাগজপত্র সহ) বিশেষ বাহক মারফত প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পলিসি ও অপারেশন বিভাগে প্রেরণ করবেন।

এই নির্দেশনার ব্যতয় ঘটলে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন;

সংযুক্তি: ১। চেকলিষ্ট  
২। পদ বিন্যাস ছক

  
(মনিষ চাকমা)  
(যুগ্ম-সচিব)

পরিচালক (পলিসি ও অপারেশন)

ফোন: ০২-৫৫০৭৪৯১৮

ই-মেইল: [dirpolicydpe@gmail.com](mailto:dirpolicydpe@gmail.com)

১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)  
২। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১। সিনিয়র সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
২। বিভাগীয় উপপরিচালক প্রাথমিক শিক্ষা (সকল)  
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা।  
৪। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা।